**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের সব জনগোষ্ঠীর কৃষ্টি, সংস্কৃতির বিকাশে রাজ্য সরকার নিরলসভাবে কাজ করছে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁ আজ মুম্বাইয়ের লোক ভবনে দ্বিপাক্ষিক আলোচনা করেন।**

**(৩) কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ রাজস্থানের জয়পুর থেকে কৃষকদের ডিজিটাল সহযোগী 'ভারত বিস্তার'-এর সূচনা করেছেন।**

**(৪) সি.বি.এসই-র দশম ও দ্বাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে।**

**(৫) কৈলাশহর কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে মনিপুরের রেনেদাই F.C দল।**

*******************************************

**CM–Public Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের সব জনগোষ্ঠীর কৃষ্টি, সংস্কৃতির বিকাশে রাজ্য সরকার নিরলসভাবে কাজ করছে। বিজেপি'র উদ্যোগে আজ দুপুরে ঊনকোটি জেলার ফটিকরায়ের ডেমডুম এডিসি ভিলেজে আয়োজিত এক জনসভায় তিনি একথা বলেন। তিনি বলেন, বর্তমান সরকার স্বচ্ছতার সঙ্গে জনকল্যাণে কাজ করছে। দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী "নতুন ভারত" গড়তে কাজ করছেন, তেমনি রাজ্য সরকারের লক্ষ্য "নতুন ত্রিপুরা" গড়ে তোলা। মুখ্যমন্ত্রী আরো বলেন, এডিসি এলাকার

জনজাতিদের সঙ্গে করে বিকশিত ত্রিপুরা নির্মাণের অঙ্গীকার নিয়ে রাজ্য সরকার কাজ করছে। বক্তব্য রাখেন সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, বিজেপি'র প্রদেশ সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা, এডিসি সদস্য সঞ্জীব রিয়াং প্রমুখ।

****************************

**Vaidik Sammelan :**

আগরতলায় কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়–এর একলব্য ক্যাম্পাসে আজ থেকে তিনদিনের আঞ্চলিক বৈদিক সম্মেলন শুরু হয়েছে। মহর্ষি সন্দীপাণী রাষ্ট্রীয় বেদবিদ্যা প্রতিষ্ঠান, কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের একলব্য পরিসর, আগরতলা এবং ভোলানন্দ বেদবিদ্যালয়, আগরতলার যৌথ উদ্যোগে এই সম্মেলনের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানের সূচনা করেন একলব্য পরিসরের বেদ কর্মকাণ্ড পুরোহিত বিদ্যাশাখার সমন্বয়কারী ড. প্রকাশ রঞ্জন মিশ্র। সম্মেলনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌহাটি বিশ্ববিদ্যালয়–এর সংস্কৃত বিভাগের প্রধান অধ্যাপক কামেশ্বর শুক্লা। তাঁর বক্তব্যে তিনি সমসাময়িক সমাজে বৈদিক জ্ঞানের প্রাসঙ্গিকতা এবং সাংস্কৃতিক ও আধ্যাত্মিক মূল্যবোধকে দৃঢ় করার ক্ষেত্রে এই ধরনের সম্মেলনের গুরুত্বে আলোকপাত করেন।

*************************

**Bal Vivah Mukta Bharat :**

বাল্যবিবাহ প্রতিরোধে রাজ্যব্যাপী সচেতনতা অভিযান জোরদার করতে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে পশ্চিম ত্রিপুরা জেলায় বিশেষ প্রচারমূলক গাড়ির আনুষ্ঠানিক সূচনা করা হয়েছে। আজ মেলারমাঠে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের কার্যালয় প্রাঙ্গণে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়রাপার্সন জয়ন্তী দেববর্মা বলেন, পতাকা নেড়ে তিনটি প্রচার গাড়ির যাত্রার সূচনা করেন। এই কর্মসূচির আওতায় পশ্চিম ত্রিপুরা জেলার তিনটি মহকুমার মোট নয়টি ব্লকের প্রতিটি গ্রাম পঞ্চায়েত এলাকায়, বাজার, হাট ও বিভিন্ন জনসমাগমস্থলে গিয়ে বাল্যবিবাহ

প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক প্রচার চালানো হবে। কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা এই কর্মসূচির মূল উদ্দেশ্য হলো সাধারণ মানুষকে বাল্যবিবাহের কুফল, প্রযোজ্য আইন এবং শিশু অধিকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে অবহিত করা। বাল্যবিবাহমুক্ত ত্রিপুরা গড়ে তুলতে গত ২৯ নভেম্বর ২০২৫ থেকে রাজ্যব্যাপী বিশেষ সচেতনতামূলক প্রচার অভিযান শুরু হয়েছে। যা আগামী ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস পর্যন্ত চলবে। তিনি জানান, আইন অনুযায়ী মেয়েদের বিবাহের ন্যূনতম বয়স ১৮ বছর এবং ছেলেদের ক্ষেত্রে ২১ বছর। এর কম বয়সে বিবাহ দেওয়া আইনতঃ দন্ডনীয়। তিনি আরও বলেন, ২০২৯ সালের মধ্যে বাল্যবিবাহের হার ৫ শতাংশের নিচে নামিয়ে আনা এই অভিযানের লক্ষ্য। আগামী ২৩ ফেব্রুয়ারি থেকে বিভিন্ন চা-বাগান ও জনবহুল এলাকায় পথ নাটিকার মাধ্যমে সচেতনতা কর্মসূচি শুরু হবে।

######Byte- Jayanti Debbarma######

অনুষ্ঠানে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা বলেন, বাল্য বিবাহের মত সামাজিক ব্যাধি নির্মূলে সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণ অপরিহার্য।

************************

**Deendayal Upadhyaya-BJP :**

প্রদেশ বিজেপি কার্যালয়ে আজ "পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহা অভিযান - ২০২৬" কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য বলেছেন, বিজেপির এই কর্মসূচি একটি প্রধান আদর্শগত ও সাংগঠনিক প্রশিক্ষণের উদ্যোগ যা দলীয় কর্মীদের অখণ্ড মানবতাবাদের দর্শন সম্পর্কে শিক্ষিত করে। উপস্থিত ছিলেন প্রদেশ প্রভারী ডাঃ রাজদ্বীপ রায়।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২২শে ফেব্রুয়ারী, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩১তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২০ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

***************************

**Congress :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা অভিযোগ করেছেন বিজেপি সরকার ধাপে ধাপে MGN-রেগাকে দুর্বল করেছে। এম.জি.এন রেগা বাতিলের সিদ্ধান্ত কর্পোরেটদের স্বার্থে নেওয়া হয়েছে। যার ফলে গ্রামীণ মানুষ অনিশ্চয়তার মুখে পড়ছে। আজ MGN-রেগা পুনর্বহালের দাবিতে লোকভবন অভিযান উপলক্ষ্যে সার্কিট হাউজ সংলগ্ন গান্ধী মূর্তি পাদদেশে আয়োজিত জমায়েতে তিনি এই অভিযোগ করেন। বিধায়ক সুদীপ রায় বর্মন ভি বি জি রাম জি আইনের সমালোচনা করেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁ আজ মুম্বাইয়ের লোক ভবনে দ্বিপাক্ষিক আলোচনা করেন। দুই নেতা প্রতিরক্ষা, নিরাপত্তা, বাণিজ্য এবং সাংস্কৃতিক বিনিময় সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে ভারত ও ফ্রান্সের মধ্যে কৌশলগত সহযোগিতা নিয়ে আলোচনা করেন।

ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁ মুম্বাই সফরের সময় ঐতিহাসিক তাজমহল প্যালেস হোটেলে ২৬/১১ মুম্বাই সন্ত্রাসী হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের সঙ্গে সংহতি পুনর্ব্যক্ত করেছেন। রাষ্ট্রপতি ম্যাক্রোঁ ভারতীয় চলচ্চিত্রের বিশিষ্ট ব্যক্তিত্বদের সঙ্গেও মতবিনিময় করেছেন, দুই দেশের মধ্যে সাংস্কৃতিক বন্ধন তুলে ধরেছেন।

***************************

**PM-Press Meet :**

এরপর, এক যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন ফ্রান্স ভারতের প্রাচীনতম কৌশলগত অংশীদারদের অন্যতম। রাষ্ট্রপতি ম্যাক্রোঁর সঙ্গে মিলে আমরা এই কৌশলগত অংশীদারিত্বকে অভূতপূর্ব গভীরতা ও শক্তি দিয়েছি। ২০২৬ সাল ভারত-ইউরোপ সম্পর্কের ক্ষেত্রে একটি সন্ধিক্ষণ। মাত্র কয়েক দিন আগে, ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে ভারতের ইতিহাসের সবচেয়ে বড় এবং সবচেয়ে উচ্চাকাঙ্ক্ষী মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর হয়েছে। এই মুক্ত বাণিজ্য চুক্তি ভারত-ফ্রান্সের সম্পর্ককেও অভূতপূর্ব গতি দেবে।

এই সমস্ত উদ্যোগের মাধ্যমে পারস্পরিক বাণিজ্য, বিনিয়োগ এবং গতিশীলতা নতুন শক্তি পাবে। আর এটাই হল যৌথ সমৃদ্ধির রোডম্যাপ। প্রধানমন্ত্রী বলেন ভারত ও ফ্রান্স স্টার্ট-আপ এবং এম.এস.এম.ই-র মধ্যে একটি শক্তিশালী নেটওয়ার্ক তৈরি করবে। তা দুদেশের শিক্ষার্থী ও গবেষকদের বিনিময়কে আরও সহজতর করবে।

##### Byte-PM #####

**************************

**Ashwini Vaishnaw-AI :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা হলো পঞ্চম শিল্প বিপ্লব। আজ এ.আই-ইন্ডিয়া ইমপ্যাক্ট সামিটের ফাঁকে সাংবাদিকদের তিনি বলেন, এটি বিশ্বের বৃহত্তম এ.আই শীর্ষ সম্মেলন। এই শীর্ষ সম্মেলনের পর, আগামী দুই বছরে ২০০ বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগের আশা করা হচ্ছে। দেশে ডিজিটাল পাবলিক পরিকাঠামোর পাশাপাশি, একটি ভালো কাঠামো প্রতিষ্ঠিত হয়েছে, যা দেশে এআই-এর দ্রুত বিস্তার ঘটাতে পারে।

*************************

**Human Rights :**

জাতীয় মানবাধিকার কমিশনের অনলাইন স্বল্পমেয়াদী ইন্টার্নশিপ প্রোগ্রাম আজ শেষ হয়েছে। কমিশনের মহাসচিব ভরত লাল সমাপ্তি অধিবেশনে ইন্টার্নশিপ সম্পন্ন করার জন্য ইন্টার্নদের অভিনন্দন জানান। এই ইন্টার্নশিপ প্রোগ্রামে বিশ্ববিদ্যালয় স্তরের ৭১ জন শিক্ষার্থী অংশ গ্রহণ করেন।

****************************

**Bharat Vistaar :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ রাজস্থানের জয়পুর থেকে কৃষকদের ডিজিটাল সহযোগী 'ভারত বিস্তার'-এর সূচনা করেছেন। এই উদ্যোগের লক্ষ্য কৃষকদের স্মার্ট, ক্ষমতায়িত এবং তথ্য সমৃদ্ধ

করা। এই প্ল্যাটফর্মের মাধ্যমে কৃষকরা তাঁদের মোবাইল ফোনের মাধ্যমে কৃষি সংক্রান্ত বিষয়ে সমস্ত প্রয়োজনীয় তথ্য পেয়ে যাবেন।

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী এই সূচনাকে কৃষিক্ষেত্রে ডিজিটাল বিপ্লবের দিকে একটি ঐতিহাসিক পদক্ষেপ হিসাবে বর্ণনা করেছেন। তিনি বলেন, এই উদ্যোগ কৃষকদের ফসল-ভিত্তিক বৈজ্ঞানিক পরামর্শমূলক পরিষেবা, ফসলের দাম এবং আবহাওয়ার তথ্য প্রদান করবে। তিনি আরও বলেন, গ্রামীণ ভারতে ডিজিটাল ভারতের দৃষ্টিভঙ্গি সম্প্রসারণের ক্ষেত্রে এই উদ্যোগটি নির্ণায়ক প্রমাণিত হবে।

**************************

**CBSE :**

সি.বি.এসই-র দশম ও দ্বাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে। এবার পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৪৬ লক্ষ। দশম শ্রেণীর চূড়ান্ত পরীক্ষা আগামী ১১ই মার্চ পর্যন্ত এবং দ্বাদশের চূড়ান্ত পরীক্ষা আগামী ১০ই এপ্রিল পর্যন্ত চলবে।

*****************************

**CM-Padmajang Football :**

কৈলাশহর কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে মনিপুরের রেনেদাই F.C দল। আজ বিকেলে ফাইনাল ম্যাচে নির্ধারিত সময়ের খেলা গোল শূন্য থাকার পর পেনাল্টি শুটআউটে মনিপুরের রেনেদাই F.C দল পাঁচ-তিন গোলের ব্যবধানে মনিপুরের ট্রাউ F.C দলকে পরাজিত করে। আজ এই টুর্নামেন্টে সমাপ্তিপর্বের খেলায় উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস, ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের সম্পাদক অমিত চৌধুরী প্রমুখ। জেনারেল পদ্মজং আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের চ্যাম্পিয়ন দল পাঁচ লক্ষ টাকা ও ট্রফি এবং রানার্স তিন লক্ষ টাকা ও ট্রফি পেয়েছে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

******************************